

অথবা, (খ) শব্দভান্ডার বলতে কী বোঝো? বাংলা শব্দ ভান্ডারের প্রধান শ্রেণী বিভাজন দেখিয়ে মৌলিক উপাদান বিষয়ে দৃষ্টান্তসহ আলোচনা করো। ৩+১২

৮। (ক) উপযুক্ত উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করো (যে-কোনো দুটি) : ৫×২
সাদৃশ্য, অপিনিহিতি, বিপ্রকর্ষ, সংকর শব্দ, সমীভবন।

অথবা, (খ) যে-কোনো পাঁচটি শব্দের ভাষাতাত্ত্বিক টীকা রচনা করো : ২×৫
হাসপাতাল, উনিশ, উজবুক, হাঁদারা, পাষণ্ড, রাই, আস্তাবল, কুলুপ, ওঝা, আনারস।

বাংলা সান্মনিক : দ্বিতীয় পত্র — ২০১২

পূর্ণমান—১০০

(৪, ৫, ১০ এবং ১৫ মানের উত্তর যথাক্রমে অনধিক ৭৫, ১০০, ২০০ এবং ৩০০ শব্দের মধ্যে লেখা বাঞ্ছনীয়)

১। (ক) দলবৃত্ত বা স্বাসাঘাত প্রধান ও স্বরবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্তসহ ব্যাখ্যা করো। ১০

অথবা, (খ) সংজ্ঞা ও দৃষ্টান্তসহ পরিচয় দাও (যে-কোন দুটি) : ৫+৫
মাত্রা, ছেদ ও যতি, পঙ্ক্তি, স্তবক, পয়ারের শোষণ শক্তি।

২। যে-কোনো দুটি অংশের ছন্দোলিপি প্রণয়ন করো : ৫×২

(মাত্রা, পর্ব, পদ, লয় ও রীতি উল্লেখ করা আবশ্যিক)

(ক) কি কহব রে সখি আনন্দ ওর।

চিরদিন মাধব মন্দিরে মোর ॥

পাপ সুধাকর যত দুখ দেল।

পিয়া মুখ দরশনে তত সুখ ভেল ॥

(খ) আপন মাধুর্যে হরে আপনার মন।

আপনা আপনা চাহে করিতে আলিঙ্গন ॥

(গ) তিমির রাত্রি মাতৃ-মন্ত্রী সান্ত্বীরা সাবধান,

যুগ যুগান্ত সঞ্চিত ব্যথা ঘোষিয়াছে অভিযান।

(ঘ) গঙ্গা প্রাপ্তির আশা করে গঙ্গাবাত্রা করেছিলাম,

তোমাদের না বলে কয়ে আস্তে আস্তে সরেছিলাম।

(ঙ) প্রয়োজন নেই কবিতার স্নিগ্ধতা

কবিতা তোমায় দিলাম আজকে ছুটি

ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়

পূর্ণিমা-চাঁদ যেন ঝলসানো রুটি।

৩। (ক) রূপক অলংকার কাকে বলে? এই অলংকারের বিবিধ শ্রেণির নামোল্লেখ করে যে-কোনো দুটি শ্রেণির স-দৃষ্টান্ত ব্যাখ্যা করো। ৪+৩+৮

অথবা, (খ) যে-কোন তিনটি অলংকারের সংজ্ঞা দাও ও দৃষ্টান্তসহ স্বরূপ ব্যাখ্যা করো :

৫×৩

যমক, বৃত্তনুপ্রাস, মালোপমা, উৎপ্রেক্ষা, অপহুতি।

৪। যে-কোন দুটি অংশের অলংকার নির্ণয় কর :

৫×২

(ক) কী সুন্দর মালা আজি পরিয়াছ গলে
হে প্রচেতঃ।

(খ) এ পুরীর পথ-মাঝে যত আছে শিলা,
কঠিন শ্যামার মতো কেহ নাহি আর।

(গ) বাহির দুয়ারে কপাট লেগেছে
ভিতর দুয়ার খোলা।

(ঘ) কানুর পীরিতি চন্দনের রীতি
ঘষিতে সৌরভময়।

(ঙ) মধুহীন কোরো না গো তব মনঃকোকনদে।

৫। (ক) গৌরচন্দ্রিকা ও গৌরান্দ বিষয়ক পদের পার্থক্য নির্দেশ করে এই পর্যায়ে শ্রেষ্ঠ কবির কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো।

৪+৮

অথবা, (খ) 'মাথুর'-এর সংজ্ঞা দাও। এই পর্যায়ে শ্রেষ্ঠ পদকর্তা কে? এই পর্যায়ে পদগুলি অবলম্বনে তাঁর রচনা-বৈশিষ্ট্যের পরিচয় দাও।

২+১+৯

৬। (ক) “মাধব, তুয়া অভিসারক লাগি।

দুতর-পস্থ গমন ধনি সাধয়ে
মন্দিরে যামিনী জাগি।।”

— পদকর্তা কে? কোন্ পর্যায়ে অস্তর্গত এই পদটি? এই পর্যায়ে বৈশিষ্ট্য কীভাবে পদটির মধ্যে প্রকাশিত হয়েছে তা উক্ত পদ অবলম্বনে লেখো।

১+১+২

অথবা, (খ) “বহুদিন পরে বধুঁয়া এলে।

দেখা না হইত পরান গেলে।।”

— কোন্ পর্যায়ে পদ? কার রচনা? উদ্ধৃতাংশে কে, কাকে, কেন এই কথা বলেছেন?

১+১+২

৭। (ক) 'কালকেতুর প্রজাবসতি' অংশ অবলম্বনে কবি মুকুন্দের সমাজ-বাস্তবতা বোধের স্বরূপ সম্পর্কে আলোচনা করো।

১৪

অথবা, ভাঁড়ু দত্ত চরিত্র রূপায়নে কবি মুকুন্দের কৃতিত্ব কতখানি—নিরূপণ করো।

১৪

৮। (ক) “মাপে কোণে দিয়া দড়া পণের কাঠায় কুড়া
নাহি শুনে প্রজার গোহারি।।”

— কোন প্রসঙ্গে কবি এই কথা বলেছেন? এর অস্তর্গত সমাজ-ভাবনার দিকটি পরিস্ফুট করো।

১+৩

অথবা, (খ) “বিষম সম্বল-চিন্তা মহাবীরে লাগে।

এক চক্ষে নিদ্রা যায় এক চক্ষে জাগে।।”

— প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃতাংশের মর্মার্থ পরিস্ফুট করো। ২+২

৯। (ক) ‘আগমনী’ ও ‘বিজয়া’ পর্যায়ে শাক্তকবিরা যে পারিবারিক ও সামাজিক জীবনচিত্র উপস্থাপিত করেছেন, তার স্বরূপ দৃষ্টান্তসহ আলোচনা করো। ১২

অথবা, (খ) মাতরূপা আরাধ্যা দেবীকে উদ্দেশ্য করে ত্রিতাপ দক্ষ ভক্ত-সন্তানের হৃদয়াকৃতির বৈচিত্র্য ও গভীরতা শাক্তকবিদের গানে কীভাবে কতখানি অভিনবত্ব পেয়েছে, আলোচনা করো। ১২

১০। (ক) “গিরিবর, আর আমি পারি নে হে,

প্রবোধ দিতে উমারে।”

— রচয়িতা কে? এটি কোন্ পর্যায়ে পদ? ‘গিরিবর’ বলতে কাকে বোঝানো হয়েছে? এখানে বক্তা কে? ১+১+১+১

অথবা, (খ) “কেবল আসার আশা ভবে আসা, আসা মাত্র হলো।

যেমন চিত্রের পদ্মেতে পড়ে ভ্রমর ভুলে র’লো।।”

— কবি ও পর্যায়ে নাম উল্লেখ করে এর অন্তর্গত আলংকারিক সৌন্দর্যের অভিনবত্ব নির্দেশ করো। ১+১+২

১১। রোলঃ নংঃ

নিম্নলিখিত মূল কপিটি দেখে প্রফ কপিটি সংশোধন করো। মূল কপি ও সংশোধিত প্রফ কপি অবশ্যই উত্তরপত্রের সঙ্গে যুক্ত করে দেবে। রোল এবং নম্বর লেখা অত্যাৱশ্যক।

মূল কপি

যদি পর্বত মহম্মদের কাছে না আসে, মহম্মদকেই পর্বতের নিকট যাইতে হইবে। আমি বলি, শিক্ষা কেন দ্বারে দ্বারে যাইবে না? চাষার ছেলে যদি বিদ্যালয়ে আসিতে পারে, তাহা হইলে কৃষিক্ষেত্রে..... যেখানে সব আছে, সেখানেই তাহাকে শিক্ষিত করিয়া তুলিতে হইবে। ছায়ার মতো তাহার সঙ্গে সঙ্গে যাও।

প্রফকপি

যদি পরবত মহম্মদের কাছে না আসে, মহম্মদকেই পর্বতের নিকট যাই তে হইবে। আমি বলি, শিক্ষা কেন দ্বারে দ্বারে যাইবে না? চাৱাষ ছেলে যদি বিদ্যালয়ে আশিতে পারে,

তাহা হইলে কৃষিক্ষেত্রে— যেখানে সব আছে, সেখানেই তাহাকে শিকখিত করিয়া তুলিছে হইবে। ছায়ার মতো তাহ র সঙ্গে যাও।

অথবা, (শুধু দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)

নীচের বানানগুলি সংশোধন করো (যে-কোন পাঁচটি)ঃ ৫

ব্যায়, দুর্গা, মাধূর্য, কল্যানীয়েসু, কালিপ্রসন্ন, উর্দা, অন্তঃস্থল, মুখাভিনয়, প্রজ্জুলিত, যন্ত্রাশ।